"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

DIARY NO..............
DD(F)/PM/DPM(FSDP)
15 APR 2019
AD (BUDGET/ DDO)
PA Director

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং- পপঅ/সিসিএসডিপি/IPAS-৪৭(অংশ-১)/২০১১/২৭৬৭, তারিখঃ ২০-০৬-২০১৯ খ্রি:

## পরিপত্র

বিষয় ঃ বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদান সংক্রান্ত নীতিমালা।

সূত্র ঃ স্মারক নং -পপঅ/সিসিএসডিপি/প্রশাসন-৪৭/২০০৮/৯০৩০, তারিখঃ ২৮/০৪/২০১১ইং।

বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে উল্লেখযোগ্য পরিমাণে প্রসব সেবা, এমআর এবং গর্ভপাত-পরবর্তী সেবা প্রদান করা হয়। উক্ত সেবাকেন্দ্রসমূহে এসকল সেবার পাশাপাশি প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা, এমআর/গর্ভপাত-পরবর্তী পরিবার পরিকল্পনা এবং সাধারণ পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হলে পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি গ্রহীতার হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে; যা অনাকাঙ্খিত গর্ভধারণ রোধ, মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যু হার হ্রাসেও সহায়ক হবে। এমতাবস্থায়, বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা, এমআর/গর্ভপাত-পরবর্তী পরিবার পরিকল্পনা এবং সাধারণ পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা অতীব জরুরী। বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করার জন্য পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহ, এমএসআর, রেজিস্টার, ফরম্ ইত্যাদি সরবরাহ ও পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রমের সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীদের পরিশোধযোগ্য ভাতা/ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদানের ব্যবস্থা নেয়া হবে। নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করে বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদান চালু ও চলমান রাখতে হবে:

১. পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহের ওনার্স অ্যাসোসিয়েশনের মধ্যে বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদান সংক্রান্ত একটি ত্রি-পক্ষীয় সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করতে হবে।

২. স্বাস্থ্য অধিদপ্তরে নিবন্ধিত যেসকল বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহ পরিবার পরিকল্পনা সেবা প্রদানে আগ্রহী তাদেরকে সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা অফিস প্রয়োজনীয় ইমপ্রেষ্ট ফান্ড এবং লজিস্টিকস্ প্রদান করবেন। এ জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে আলাদাভাবে নিবন্ধন করার প্রয়োজন নেই। তবে, এক্ষেত্রে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের জন্য এ সকল সেবা কেন্দ্রের সেবা প্রদানকারীগণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি সমূহের উপর প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।

৩. বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহ সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে তাদের চাহিদা ভিত্তিক বিভিন্ন পরিবার পরিকল্পনা সামগ্রী এবং এমএসআর সরবরাহ করা হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট সকল বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহ-কে সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপজেলা ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেমস (UIMS) এর অন্তর্ভূক্ত করে সকল দ্রব্যসামগ্রী সরাসরি সরবরাহ করা হবে।

৪. সরবরাহকৃত পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহ ও অন্যান্য দ্রব্যসামগ্রীর সংগ্রহ ও সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহের নার্স/মিডওয়াইফদের মধ্য থেকে ০১ জনকে ফোকাল পয়েন্ট নির্ধারণ করে দায়িত্ব অর্পনপূর্বক সংশ্লিষ্ট উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কার্যালয়কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম সংশ্লিষ্ট সেবাকেন্দ্রের বিভাগীয় প্রধান (গাইনী এন্ড অবস্), সিনিয়র কনসালটেন্ট/কনসালটেন্ট অথবা সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তার তত্ত্বাবধানে পরিচালিত হবে।

৫. পরিবার পরিকল্পনা সেবা প্রদান সংক্রান্ত সকল ধরণের প্রতিবেদন ফরম্ ও রেজিষ্টার পূরণের নিয়মাবলী বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন স্থানীয় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং তাঁদের সহকারীবৃন্দ বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে দায়িত্ব প্রাপ্ত ফোকাল পয়েন্ট ও সেবাদানকারীকে প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন প্রদান করবেন এবং প্রত্যক্ষভাবে এই কার্যক্রমে পূর্ণ সহায়তা প্রদান করবেন।

৬. পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক জারীকৃত ইমপ্রেষ্ট ফান্ড সংক্রান্ত সর্বশেষ পরিপত্র অনুসরনপূর্বক বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে সম্পাদিত টিউবেকটমি ও এনএসভি এবং আইইউডি ও ইমপ্ল্যান্ট সেবার জন্য সরকার প্রদত্ত ভাতাদি ক্লিনিক ও হাসপাতালসমূহকে প্রদান করা হবে। উল্লেখ্য যে, এইসব ভাতাদি নিয়মিত প্রাপ্তির জন্য বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহের দায়িত্বপ্রাপ্ত নার্স/মিডওয়াইফ ইমপ্রেস্ট ফান্ড সংক্রান্ত রেজিস্টার

D:\Imrul\imrul2016\IPAS\Private Sector Circular (final 06.02.19).doc

ও ফরম যথানিয়মে পূরণ, সংরক্ষণ করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে যথাযথ বিল দাখিল করবেন। ইমপ্রেষ্ট ফান্ডের বিভিন্ন ভাতাদি পরিশোধের জন্য বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহের কর্তৃপক্ষ নিজস্ব বিবেচনায় সিদ্ধান্ত নিবেন ও কার্যকর করবেন।

৭. বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে সেবাদান রেজিস্টার এবং Discharge Certificate এ টিউবেকটমি, এনএসভি ও আইইউডি এবং ইমপ্ল্যান্ট এর তথ্য সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে এবং স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণকারী ক্লায়েন্ট এর কনসেন্ট ফরমে সেবাপ্রদানকারী সার্জনের সীলমোহরসহ স্বাক্ষর, নাম ও তারিখ উল্লেখ থাকতে হবে।

৮. প্রশিক্ষণপ্রাপ্ত রেজিষ্টার্ড চিকিৎসকগণ আইইউডি, ইমপ্ল্যান্ট ও স্থায়ী পদ্ধতির সেবা প্রদান করবেন। প্রশিক্ষণপ্রাপ্ত নার্স/মিডওয়াইফ আইইউডিসহ স্বল্পমেয়াদি পদ্ধতিসমূহের সেবাপ্রদান করবেন।

৯. দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির গ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান Medical Eligibility Criteria (MEC) নীতিমালা যথাযথভাবে অনুসরন করতে হবে। এক্ষেত্রে, যে সকল দম্পতির দুইটি (০২) জীবিত সন্তান আছে এবং ছোট সন্তানের বয়স কমপক্ষে এক (০১) বছর তাঁদের স্বামী বা স্ত্রীর যে কোন একজনকে যথাক্রমে ভ্যাসেকটমি বা টিউবেকটমি সেবা প্রদান করা যাবে। তবে, দ্বিতীয় সিজারিয়ান অপারেশনের সময় দম্পতির সম্মতিতে স্ত্রীকে টিউবেকটমি সেবা প্রদান করা যাবে। উভয় ক্ষেত্রেই এই মর্মে নিশ্চিত হতে হবে যে, ভ্যাসেকটমি বা টিউবেকটমি গ্রহনেচ্ছুকের স্বামী বা স্ত্রী ইতোপূর্বে স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (এনএসভি/টিউবেকটমী) গ্রহন করেন নাই।

১০. বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে স্থানীয় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে সরবরাহকৃত লজিস্টিকস্ এবং ইমপ্রেষ্ট ফান্ড সংক্রান্ত কোন সমস্যা/জটিলতা দেখা দিলে সিভিল সার্জন, উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহের ওনার্স অ্যাসোসিয়েশন প্রতিনিধির সমন্বয়ে গঠিত প্যানেল স্থানীয় এমও (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক এতদসংক্রান্ত বিষয়টি নিস্পত্তি/সুরাহা করবেন।

১১. উপরোক্ত কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে সর্বশেষ জারীকৃত সরকারী নীতিমালা প্রযোজ্য হবে।

বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে প্রসব-পরবর্তী, এমআর এবং গর্ভপাত-পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা প্রদানের বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই পরিপত্র জারী করা হলো। জারীকৃত পরিপত্রের যাবতীয় বিধিবিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিক/হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদান চলমান রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ
মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর।

কাজী মোস্তফা সারোয়ার
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং- পপঅ/সিসিএসডিপি/Ipas-৪১ (অংশ-১)/২০১২/২৭৩৭/১১৮৩০) তারিখ ঃ ২৫/০৬/২০২২খ্রি.

সদয় অবগতির/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

(ক) মন্ত্রণালয় ঃ

১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। যুগ্ম সচিব, (আর্থিক ব্যবস্থাপনা-অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। যুগ্ম প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ প্রধান (পরিকল্পনা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর (জাতীয় এবং বিভাগীয় পর্যায়ে) ঃ

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল),... এফপি... পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ............ ............................ বিভাগ।
৩। তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
৪। পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক (ঔষধ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৬। উপ-পরিচালক/প্রোগ্রাম ম্যানেজার (সকল).......................পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

৭। সহকারী পরিচালক/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল) ........................ পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

**(গ) স্বাস্থ্য অধিদপ্তর (জাতীয় এবং বিভাগীয় পর্যায়ে) ঃ**

১। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) এবং লাইন ডাইরেক্টর (হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। লাইন ডাইরেক্টর (এমএনসিএন্ডএএইচ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। লাইন ডাইরেক্টর, সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, স্বাস্থ্য (সকল), ...............................................বিভাগ।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর।

**(ঘ) প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল / হাসপাতাল/ ক্লিনিক ঃ**

১। সভাপতি/সাধারন সম্পাদক, ...................প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল / হাসপাতাল/ ক্লিনিক/ ওনার্স এ্যাসোসিয়েশন।
২। ব্যবস্থাপনা পরিচালক/ পরিচালক........................................ প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল / হাসপাতাল/ ক্লিনিক।
৩। বিভাগীয় প্রধান (অবস এন্ড গাইনী), .................................... প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল / হাসপাতাল/ ক্লিনিক।
৪। কনসালটেন্ট (অবস এন্ড গাইনী), ....................................... প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল / হাসপাতাল/ ক্লিনিক।

**(ঙ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর (জেলা পর্যায়ে) ঃ**

১। সিভিল সার্জন/সুপারিনটেন্ডেন্ট ...................... জেলা/হাসপাতাল।
২। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ...................... জেলা। তাঁর জেলার আওতাধীন সকল সেবা কেন্দ্রে (সরকারী ও বে-সরকারী) পরিপত্রটি পৃষ্ঠাংকন করার জন্য অনুরোধ করা হলো।
৩। রিজিওনাল কনসালট্যান্ট/ ডিস্ট্রিক্ট কনসালট্যান্ট, এফপিসিএস-কিউআইটি,.........................................রিজিওন/ জেলা।
৪। মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সকল)......................................................জেলা।

(চ) উপজেলা/থানা পর্যায়ে ঃ

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ................ উপজেলা, ...................জেলা।
২। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)..........উপজেলা,...................জেলা।

**(ছ) হিসাব রক্ষণ কার্যালয় ঃ**

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্হ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল) .........................বিভাগ।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)............................................জেলা।
৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)........................উপজেলা, ................জেলা।

(ছ) বে-সরকারী সংস্থা ও অন্যান্য ঃ

১। ..................................................................................................

20/02/2022

ডাঃ মোঃ মঈনুদ্দীন আহমেদ
লাইন ডাইরেক্টর
ক্লিনিকেল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।
টেলিফোনঃ ৫৮১৫২৩১১ (অ)।